



# দৈনিক আজাদী



স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র  
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

সোমবার

৬ জুন ২০২২

www.edainikazadi.net রেজি. নং-৮-৫৪ | ৬২তম বর্ষ ২৬৪ সংখ্যা | ২৩ জ্যৈষ্ঠ ১৪২৯ সাল | ৫ ভিলকুদ ১৪৪৩ হিজরি

৮ পৃষ্ঠা ৬ টাকা



আইআইইউসির শিক্ষক-কর্মকর্তাদের ঈদ পুনর্মিলনীতে বক্তব্য রাখছেন ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি

## আইআইইউসির শিক্ষক কর্মকর্তাদের ঈদপুনর্মিলনী

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ের (আইআইইউসি) শিক্ষক-কর্মকর্তাদের ঈদ পুনর্মিলনী গত ৩১ মে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা নদভী এমপি। ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল আজিম আরিফের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মোহাম্মদ, প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মাছরুরুল মওলা, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের সদস্য খালেদ মাহমুদ, রেজিস্টার এ.এফ.এম আখতারুজ্জামান কায়সার। অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন ড. দেলোয়ার হোসেন, ড. নাজমুল হক নদভী, ড. গিয়াস উদ্দিন হাফিজ, ড. শাকের আলম শাওক প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ ইফতেখার উদ্দিন। প্রধান অতিথি বলেন, বর্তমান বোর্ড অব ট্রাস্টিজ আইআইইউসির একাডেমিক ও অবকাঠামোগত উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি বলেন, কুয়েত সরকারের সহযোগিতায় ৩০ কোটি টাকা ব্যয়ে বহুদারহাটস্থ ফিমেল ক্যাম্পাসে এক হাজার আসন বিশিষ্ট ছাত্রী হোস্টেল ভবন নির্মাণ করা হচ্ছে। একইভাবে নির্মিত হচ্ছে ১২ কোটি টাকা ব্যয়ে ফ্রান্সের দাতা সংস্থার সহযোগিতায় শরিয়া ফ্যাকাল্টি ভবন এবং ৫ কোটি টাকা ব্যয়ে শিল্প প্রতিষ্ঠান নোমান গ্রুপের অর্থায়নে পঞ্চম ফিমেল একাডেমিক ভবন। ড. নদভী এমপি বলেন, আইআইইউসিতে প্রচুর ছাত্রী দেশের বিভিন্ন জেলা- উপজেলা থেকে পড়তে আসে। তিনি শিক্ষক-কর্মকর্তাদের নিষ্ঠা, একাত্মতা, আন্তরিকতার সাথে বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নে এগিয়ে আসার আহবান জানান। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 06 June 2022, Page: 3, Col: 1

<https://www.edainikazadi.net/index.php?page=1&date=2022-06-6>



আইআইইউসি এর শিক্ষক-কর্মকর্তাদের পুনর্মিলনীতে বক্তব্য রাখছেন বিওটি চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি

## আইআইইউসি'তে শিক্ষক-কর্মকর্তাদের পুনর্মিলনী

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় (আইআইইউসি) এর শিক্ষক-কর্মকর্তাদের ঈদ পুনর্মিলনী গত ৩১ মে অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি ছিলেন আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ এর সভাপতিত্বে ঈদ পুনর্মিলনীতে বিশেষ অতিথি ছিলেন বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মোহাম্মদ, প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মাছরুরুল মওলা, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, বোর্ড অব ট্রাস্টিজের সদস্য খালেদ মাহমুদ, রেজিস্ট্রার এ এফ এম আখতারুজ্জামান কায়সার।

উপস্থিত ছিলেন ড. দেলোয়ার হোসেন, ড. নাজমুল হক নদভী, ড. গিয়াস উদ্দিন হাফিজ, ড. শাকের আলম শাওক প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ ইফতেখার উদ্দিন। প্রধান অতিথির বক্তব্যে নদভী এমপি আইআইইউসি'কে দেশের সেরা বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠিত করার দৃঢ় সংকল্পের কথা পুনঃব্যক্ত করে বলেন, বর্তমান বোর্ড অব ট্রাস্টিজ আইআইইউসি'র একাডেমিক ও অবকাঠামোগত উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি সবাইকে আন্তরিকতার সাথে বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নে এগিয়ে আসার আহ্বান জানান।-বিজ্ঞপ্তি